# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৬২

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, গোরস্থানে প্রবেশ করলে عَلَيْكُمُ السَّلَامُ বলতে হয় السلام عليكم নয়- তার কথা অপনোদনকারী হাদীস

## ذكر الخبر المدحض قول من زعم أن عَلَى الْمَرْءِ عِنْدَ دُخُولِ الْمَقْبَرَةِ أَنْ يَقُولَ: عَلَيْكُمُ السَّلَامُ لَا السَّلَامُ عَلَيْكُمْ

আরবী

3162 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ عَنْ شَرِيكِ بْنِ أَبِي نَمِرٍ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كُلَّمَا كَانَتْ لَيْلَتُهَا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْرُجُ مِنْ آخِرِ اللَّيْلِ إِلَى الْبَقِيعِ فَيَقُولُ: (السَّلَامُ عَلَيْكُمْ دَارَ قَوْمٍ مُؤْمِنِينَ وأَيانا وَإِيَّاكُمْ مَا تُوعَدُونَ غَدًا مُؤَجَّلُونَ وَإِنَّا ـ إِنْ شَاءَ اللَّهُ ـ بِكُمْ لَاحِقُونَ اللَّهُمَّ اغْفِرْ لِأَهْلِ بقيع الغرقد)

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3162 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الأحكام)) (239): م.

বাংলা

৩১৬২. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “যে রাতেই আমার কাছে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের থাকার পালা হতো, সে রাতেই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের শেষ প্রহরে বাকী‘ গোরস্থানে যেতেন। অতঃপর তিনি বলতেন, السَّلَامُ عَلَيْكُمْ دَارَ قَوْمٍ مُؤْمِنِينَ وَأَتَانَا وَإِيَّاكُمْ مَا تُوعَدُونَ غَدًا مُؤَجَّلُونَ وَإِنَّا ـ إِنْ شَاءَ اللَّهُ ـ بِكُمْ لَاحِقُونَ اللَّهُمَّ اغْفِرْ لِأَهْلِ بقيع الغرقد (মুমিন সম্প্রদায়ের নিবাস, তোমাদের প্রতি শান্তি বর্ষিত হোক। তোমাদেরকে যা প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, তা পরে আগামীকাল আমাদের কাছে ও তোমাদের কাছে আসবে। আর নিশ্চয়ই আমরা তোমাদের সাথে মিলিত হবো ইনশাআল্লাহ। হে আল্লাহ, আপনি বাকীউল গারকাদ কবরবাসীদের ক্ষমা করে দিন)।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৯৭৪; নাসাঈ: ৪/৯৩-৯৪; সুনান বাইহাকী: ৪/৪৯; মুসনাদ আহমাদ: ৬/১৮০; ইবনু মাজাহ: ১৫৪৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৭২২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ২৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92492

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন